

সর্বাধিক প্রচারিত সাপ্তাহিক


পূর্বাণী

একজন চিত্রপারচালককে একজন সাপ্তাহিক

বাংলাদেশের চীনামাটির তৈজসপত্র বিশ্ববাজারে (পূর্বাণী রিপোর্ট)

বিদেশের বাজারে বাংলাদেশের চীনামাটির তৈজসপত্র যাচ্ছে। দেশের জন্য এ এক বিরল গৌরব। আর এ গৌরব নিয়ে এসেছে বেসরকারী খাতের প্রতিষ্ঠান পিপলস সিরামিক ইন্ডাস্ট্রিজ। এই কারখানার তৈজসপত্র সম্পর্কে অনেক আগেই বিদেশে আগ্রহ সৃষ্টি হয়েছে। আমাদের চীনামাটির সুন্দর তৈজসপত্র এখন যাচ্ছে ইংল্যান্ড ও হল্যান্ড।

এই সকল প্রবাসামগ্রীর মধ্যে রয়েছে চায়ের কাপ, পিরিজ ও পট। প্রাথমিক পর্যায়ে ২৫ লক্ষ টাকা মূল্যের তৈজসপত্র রফতানী করা হবে



এবং ইতিমধ্যে বেশ কয়েকটি দেশ থেকে বেশ কিছু অর্ডার পাওয়া গেছে।

৪ঠা নবেম্বর হল্যান্ডে এর প্রথম চালান পাঠান হচ্ছে। যে দেশগুলো পিসিআই-এর প্রবাসামগ্রী ক্রয়ের প্রস্তাব দিয়েছে, এগুলোর মধ্যে রয়েছে আমেরিকা, সুইডেন ও যুক্তরাজ্য। '৬৪ সনে ব্যক্তিমালিকানাধীনে জাপানী সহযোগিতায়

প্রতিষ্ঠিত এই ইন্ডাস্ট্রি প্রতিদিন ২৭ হাজার পিস তৈজসপত্র তৈরী করে। ইন্ডাস্ট্রিতে ব্যবহৃত কাঁচামালের শতকরা ৪০ ভাগ বিদেশ হতে আমদানী করা হয় এবং বাকী ৬০ ভাগ দেশ হতে সংগৃহীত। ইন্ডাস্ট্রির ম্যানেজিং ডাইরেক্টর গত রোববার সাংবাদিকদের জানান যে, যে সকল দেশ হতে পিসিআই-এর প্রবাসামগ্রী ক্রয়ের আগ্রহ

প্রকাশ করা হয়েছে, তাতে বছরে ১ কোটি টাকা মূল্যের প্রবাসামগ্রী রফতানী সম্ভব। দেশীয় চাহিদার সিংহভাগ এই ইন্ডাস্ট্রি মিটিয়ে থাকে বলে তিনি উল্লেখ করেন। বিদেশে রফতানী উপলক্ষে গত রোববার কারখানা প্রাঙ্গণে এক মিলাদ মাহফিলের আয়োজন কার হয়।